দৈনিক
ইনকিলাব

তারিখ ... 06 MAR 2008
পৃষ্ঠা 2 কলাম 9

কওমী মাদরাসা শিক্ষা সংরক্ষণ ও মানন্নোয়নে ওলামায়ে কেরামকে ঐক্যবদ্ধ হতে হবে

–মুফতী আব্দুর রহমান

প্রেস বিজ্ঞপ্তি ঃ গতকাল (৫ মার্চ) রাজধানীর বিশ্বরোড কুড়িলে অবস্থিত আল হেরা টাওয়ার কওমী মাদরাসা শিক্ষা বোর্ড ফেডারেশনের কেন্দ্রীয় কার্যালয়ে ফেডারেশনের এক জরুরী বৈঠক মুফতী আব্দুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত বৈঠকে বক্তব্য রাখেন আল্লামা সুলতান হক, আল্লামা মুফতী আব্দুল হালীম বোখারী, মাওলানা আবদু বাসেত, মাওলানা হারুন চৌধুরী ও মুফতী শামসুদ্দীন জিয়া প্রমুখ।

বক্তাগণ কওমী মাদরাসা শিক্ষার মানন্নোয়ন, সম্প্রসারণ ও বিশ্বব্যাপী হেদায়েতের আলো ছড়িয়ে দিতে সক্ষম এমন একদল বিজ্ঞ ওলামা ও ইসলামী স্কলার সৃষ্টির লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাওয়ার জন্য দেশের সকল কওমী মাদরাসা কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানান। তারা কওমী মাদরাসার স্বাতন্ত্র্য ও নীতি-আদর্শ বজায় থাকে এমন পন্থায় কওমী মাদরাসার সনদের স্বীকৃতি প্রদান করতে সরকারের প্রতি উদাত্ত আহ্বান জানান। তারা বলেন, এখন সময় এসেছে এবং প্রেক্ষাপটিও তৈরী হয়েছে। কওমী মাদরাসার আলেমদের ঐক্যবদ্ধ হবার। এহেন সুযোগকে কাজে লাগানো দরকার। তারা আরও বলেন, ফেডারেশনের মাধ্যমে দেশের বৃহত্তর ৩টি কওমী মাদরাসা বোর্ডের ঐক্য, কওমী মাদরাসাসমূহের শিক্ষার উন্নয়ন ও বিকাশ এবং সনদের স্বীকৃতি আদায়ে মাইলফলক হিসেবে কাজ করবে। বৈঠকে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন- মাওলানা মাহবুবুল আলম, মুফতী আবরারীম খলীল, মুফতী মিজানুর রহমান, মুফতী এনামুল হক, মাওলানা তাজমুল করীম প্রমুখ।